

৫ জুন ২০১৬

এফবিসিসিআই/জনসংযোগ/২০১৬/১৪৪

কিংবদন্তি মোহাম্মদ আলীর মৃত্যুতে এফবিসিসিআই নেতৃবৃন্দের গভীর শোক প্রকাশ

ঢাকা, রোববার, ৫ জুন ২০১৬



শতাব্দীর সেরা ক্রীড়াবিদ, বক্সিংয়ের কিংবদন্তি মোহাম্মদ আলীর মৃত্যুতে ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এণ্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) নেতৃবৃন্দ গভীর শোক প্রকাশ করেছে। মোহাম্মদ আলীর মৃত্যুতে এফবিসিসিআই সভাপতি জনাব আব্দুল মাতলুব আহম্মাদ ও পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ এবং এফবিসিসিআইয়ের সকল কর্মকর্তা - কর্মচারি অত্যন্ত শোকাহত।

এফবিসিসিআই নেতৃবৃন্দ বাংলাদেশের অকৃত্রিম বন্ধু এই মুষ্টিযোদ্ধার ১৯৭৮ সালে বাংলাদেশ সফরের কথা স্মরণ করছে। একইসাথে এফবিসিসিআই নেতৃবৃন্দ মুষ্টিযোদ্ধা মোহাম্মদ আলীর বাংলাদেশের নাগরিকত্ব প্রাপ্তি এবং বাংলাদেশের সাথে দীর্ঘমেয়াদে বন্ধুত্বপূর্ণ সম্পর্কের কথা গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছে।

এফবিসিসিআই পরিবার মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে এবং তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যবৃন্দকে গভীর সমাবেদনা জানাচ্ছে।

বরাবর

বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার

ঢাকা।

প্রেস বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত পত্রিকা/সংবাদ মাধ্যমে প্রচার/প্রকাশ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

স্বাঃ/-

মীর শাহাবুদ্দিন মোহাম্মদ

মহাসচিব